**বাংলাদেশ রেলওয়ের "বুকিং সহকারী গ্রেড-২ ও টিকেট কালেক্টর গ্রেড-২" পদে লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নির্দেশাবলী:**

| **পরীক্ষার্থীদের করনীয়** |
|---|
| **পরীক্ষার্থীগণ পরীক্ষা শুরুর নূন্যতম ৩০ মিনিট পূর্বে নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর অর্থাৎ সকাল ১০:০০ ও দুপুর ০২:০০ ঘটিকার পর কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী হল ত্যাগ করতে পারবেন না।** |
| **উত্তরপত্র দেওয়ার পর পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, পিতার নাম, নিজ জেলা, রেজিস্ট্রেশন নম্বর এবং পদের নাম কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।** |
| **পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪ টি সেট থাকবে যেমন-সেট-১, সেট-২, সেট-৩, সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর দান শুরু করবেন।** |
| **পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যেতে পারবেন না।** |

১) ক. প্রবেশপত্রের নীচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং তা অনুসরণ করতে হবে।

খ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর, নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ. ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে তল্লাশি অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইক্টেনিক/যোগাযোগ ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকলে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থীতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থীতা বাতিল হবে।

ঙ. এ পরীক্ষায় মোট ৭০ (সত্তর) টি প্রশ্ন থাকবে। পূর্ণমান হবে ৭০ (সত্তর)। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নাম্বার কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় ১:৩০ (এক ঘন্টা ত্রিশ মিনিট) ঘন্টা।

চ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ২০/০২/২০২৪ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) ও আহ্বায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।

ছ. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক বাংলাদেশ রেলওয়ের দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ রেলওয়ে হতে অনুমোদিত শ্রুতিলেখক কে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। বাংলাদেশ রেলওয়ে হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

জ. প্রবেশপত্র টেলিটকের ওয়েব সাইট (http://br.teletalk.com.bd) হতে ডাউনলোড করতে হবে। টেলিটকের ওয়েব সাইট (http://br.teletalk.com.bd) থেকে **১৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।** প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য একই প্রবেশপত্র আনতে হবে।

ঝ. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

২) ক. পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্ব পালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।

খ. বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রী নিয়ে কোনো পরীক্ষার্থী যেন পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে, সেজন্য হল কর্তৃপক্ষ এবং বাংলাদেশ রেলওয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ পরীক্ষা হলের প্রবেশ পথে প্রার্থীদের মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশিপূর্বক হলে প্রবেশের বিষয়টি নিশ্চিত করবেন।

গ. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্ব পালকারী আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন।

৩) এ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট (www.railway.gov.bd) ও টেলিটক বাংলাদেশ লিমিটেড (http://br.teletalk.com.bd) এ পাওয়া যাবে।

১৫/০২/২০২৪

(মোঃ ময়েনুল ইসলাম)
উপ-প্রধান পরিকল্পনা কর্মকর্তা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।